

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়  
প্রেস-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/১১ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৯২-আইন/২০১৬—বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৪  
(২০১৪ সনের ৬নং আইন) এর ধারা ১৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন  
করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট  
বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (১) “অনুদান” অর্থ আইনের ধারা ৭ এর উদ্দেশ্য প্রণকল্পে এবং বিধি ৩ এ নির্দিষ্টকৃত  
ক্ষেত্রসমূহে ট্রাস্টের তহবিল হইতে কোন সাংবাদিক, বা ক্ষেত্রমত, তাহার পরিবারের  
সদস্যকে প্রদত্ত আর্থিক সহায়তা, মণ্ডুরী, বৃত্তি বা স্টাইপেড;
- (২) “আইন” অর্থ বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৪ (২০১৪ সনের ৬নং  
আইন);
- (৩) “আবেদনকারী” অর্থ বিধি ৪ এর উপ-বিধি (২) এর অধীন অনুদানের জন্য  
আবেদনকারী সাংবাদিক, এবং মৃত সাংবাদিকের ক্ষেত্রে তাহার পরিবারের সদস্য ও  
ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৪৫৪১)  
মূল্য : টাকা ৮.০০

- (৪) “চেয়ারম্যান” অর্থ বোর্ডের চেয়ারম্যান;
- (৫) “জেলা কমিটি” অর্থ বিধি ৮ এর অধীন গঠিত জেলা কমিটি;
- (৬) “ট্রাস্ট” অর্থ আইনের ধারা ২(২) এ সংজ্ঞায়িত বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট;
- (৭) “ফরম” অর্থ এই বিধিমালার ফরম;
- (৮) “বোর্ড” অর্থ আইনের ধারা ২(৭) এ সংজ্ঞায়িত বোর্ড; এবং
- (৯) “ভাইস-চেয়ারম্যান” অর্থ বোর্ডের ভাইস-চেয়ারম্যান।

৩। অনুদানের ক্ষেত্রসমূহ—(১) আইনের ধারা ৭ এর উদ্দেশ্য পূরণকল্পে কোন সাংবাদিককে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে অনুদান প্রদান করা যাইবে, যথা:—

- (ক) পেশাগত কাজ করিতে অক্ষম বা অসমর্থ;
- (খ) শারীরিক বা মানসিকভাবে অসুস্থ এবং চিকিৎসা ব্যয় নির্বাহে অসমর্থ;
- (গ) সাংবাদিকতায় বিশেষ অবদানের স্বীকৃতি;
- (ঘ) সাংবাদিকের মেধাবী সন্তানদের শিক্ষার জন্য এককালীন মঙ্গুরি, বৃত্তি কিংবা স্টাইপেড;
- (ঙ) দুর্ঘটনায় বা দায়িত্বপালনকালে গুরুতর আহত বা অনুরূপ কারণে মৃত্যু;
- (চ) আর্থিকভাবে অসচ্ছল অবসরগ্রাণ্ট প্রথিতযশা বা প্রয়াত প্রথিতযশা সাংবাদিকের পরিবারের সদস্যগণের কল্যাণ সাধন; এবং
- (ছ) আইনের ধারা ৭ এ উল্লিখিত অন্য কোন কারণ ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত যে কোন ক্ষেত্রে অনুদান প্রাপ্তির জন্য বিধি ৪ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে।

৪। অনুদানের জন্য আবেদন দাখিল পদ্ধতি ও যোগ্যতা—(১) আইনের ধারা ৭ এর উদ্দেশ্য পূরণকল্পে অনুদান পাইবার ক্ষেত্রে সংশ্লিষ্ট সাংবাদিককে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত সাংবাদিক বা আবেদনকারীকে, প্রয়োজনীয় কাগজপত্র ও সংশ্লিষ্ট সাংবাদিক ইউনিয়ন, বা ক্ষেত্রমত, প্রেসক্লাব এর সভাপতি বা সাধারণ সম্পাদকের সুপারিশসহ, নির্ধারিত ফরমে—

- (ক) ঢাকা মহানগর ব্যতিত সকল জেলার ক্ষেত্রে, জেলা কমিটির সুপারিশ এহণের লক্ষ্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে, এবং
  - (খ) ঢাকা মহানগর ক্ষেত্রে ট্রাস্টের প্রধান কার্যালয়ে আবেদনপত্র প্রেরণ করিতে হইবে।
- (৩) জেলা কমিটি, উপ-বিধি (২) এর দফা (ক) এর অধীন প্রাণ্ট আবেদন পর্যালোচনা করিয়া অনুদান পাইবার যোগ্য বিবেচনা করিলে উহার সুপারিশসহ ট্রাস্টের প্রধান কার্যালয়ে প্রেরণ করিবে।

